42

তারিখ ০৩/১০/২০০০
পৃষ্ঠা ২ কলাম ৪

দৈনিক ইত্তেফাক

**মন্ত্রিসভায় নীতিগত অনুমোদন**

# প্রথম হইতে অষ্টম প্রাথমিক, নবম হইতে দ্বাদশ শ্রেণী মাধ্যমিক শিক্ষা

*ইত্তেফাক রিপোর্ট ঃ* গতকাল সোমবার মন্ত্রিসভায় জাতীয় শিক্ষানীতি ২০০০ নীতিগতভাবে অনুমোদন করা হইয়াছে। তবে জাতীয় সংসদে বিষয়টি আলোচনার পর পর্যায়ক্রমে বাস্তবায়ন প্রক্রিয়া শুরু হইবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল রাতে মন্ত্রিসভার বৈঠকে প্রায় ৩ ঘন্টা আলোচনা শেষে শিক্ষানীতি অনুমোদন করা হয়। এই শিক্ষানীতি অনুযায়ী প্রাথমিক শিক্ষার স্তর হইবে প্রথম হইতে ৮ম শ্রেণী পর্যন্ত। ৯ম শ্রেণী হইতে দ্বাদশ শ্রেণী পর্যন্ত মাধ্যমিক স্তর বলিয়া বিবেচিত হইবে। এই লক্ষ্যে মাধ্যমিক স্কুলে একাদশ, দ্বাদশ শ্রেণী এবং কলেজে নবম, (১৫শঃ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

**মন্ত্রিসভায় নীতিগত অনুমোদন**

(শেষ পৃঃ পর)

দশম শ্রেণী খুলিতে হইবে। আগামী ১২ বৎসরের মধ্যে পর্যায়ক্রমে এই শিক্ষানীতি বাস্তবায়নের জন্য সরকারের ব্যয় হইবে অতিরিক্ত ৩০ হাজার কোটি টাকা। শিক্ষানীতি অনুযায়ী প্রাথমিক শিক্ষার সকল স্তরে পাঠ্যসূচী হইবে অভিন্ন। প্রথম শ্রেণী হইতেই বিজ্ঞান শিক্ষা গুরুত্ব পাইবে। শিক্ষক-ছাত্রের অনুপাত হইবে ১ঃ৪০। মাদ্রাসা শিক্ষা হইবে আধুনিক। ডিগ্রী পর্যায়ে ইংরেজী বাধ্যতামূলক হিসাবে বিবেচিত হইবে। প্রাথমিক শিক্ষার স্তরে কারিগরি শিক্ষা হইবে বাধ্যতামূলক। মন্ত্রিসভার বৈঠকে শিক্ষানীতি উত্থাপন করেন শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক। ইহার পর ব্যাপক আলোচনা শেষে প্রধানমন্ত্রীসহ সকল সদস্যই শিক্ষানীতি বাস্তবায়নের পক্ষে মতামত পোষণ করেন। তবে ইহার পূর্বে সংসদে বিষয়টি আলোচনা করার ব্যাপারে সভায় গুরুত্ব আরোপ করা হয়।